

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে বেশি হ'ল না কম এই বিষয়ে যদি সন্দেহ হয়।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُصلِّي فَيَشُكُّ فِي الزِّيَادَةِ وَالنُّقْصَانِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ عِيَاضٍ يَعْنِي ابْنَ هِلاَلٍ، قَالَ قُلْتُ لأَبِي سَعِيدٍ أَحَدُنَا يُصلِّي فَلاَ يَدْرِي كَيْفَ كَيْفَ صَلَّى فَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ كَيْفَ صَلَّى فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُثْمَانَ وَابْنِ مَسْعُودٍ وَعَائِشَةَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَبِي سَعِيدٍ حَديثٌ حَسَنٌ . وَقَدْ رُويَ هَذَا الْحَديثُ عَنْ أَبِي سَعِيد مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَديثُ عَنْ أَبِي سَعِيد مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " إِذَا شَكَّ أَحِدُكُمْ فِي الْوَاحِدَةِ وَالثِّنْتَيْنِ فَلْيَجْعَلْهُمَا وَاحِدَةً وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ وَلَاتَّنْتِيْنِ فَلْيَجْعَلْهُمَا وَاحِدَةً وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ وَالثَّلْانِ فَلْكَ سَجْدَتَيْنِ قَبْلَ أَنْ يُسَلِّمَ " . وَالْعَمَلُ عَلَى هَذَا عَنْ أَعْمُ لُ عَلَى هَذَا وَيْدَا أَنْ يُسَلِّمَ " . وَالْعَمَلُ عَلَى هَذَا عَنْ أَوْلُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا شَكَ فِي صَلَتِهِ فَلَمْ يَدْرِ كَمْ صَلَّى فَلْيُعِدْ .

বাংলা

৩৯৬. আহমদ ইবনু মানী' (রহঃ) ইয়ায ইবনু হিলাল (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহ-কে বললাম, আমাদের কারো যদি খেয়াল না থাকে যে, সে কতটুকু সালাত আদায় করল, তবে সে কি করবে? তিনি বললেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, তোমাদের কারো সালাত আদায়কালে যদি কত রাকআত পড়েছে সে খেয়াল না থাকে, তবে সে (শেষ বৈঠকে) বসা অবস্থায় দুই সিজদা (সাহু) দিবে। - ইবনু মাজাহ ১২০৪, মুসলিম অনুরূপ আরো পূর্ণভাবে, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৯৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উসমান, ইবনু মাসঊদ, আয়িশা ও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবৃ সাঈদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। অন্য সনদে ও আবৃ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থোকে এই হাদীসটি বর্ণিত আছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত



আছে যে, তোমাদের কারো যদি এক রাকআত না দুই রাকআত এই বিষয়ে সন্দেহ হয়, তবে এক রাকআত বলে ধরবে আর যদি দুই রাকআত না তিন রাকআত এই বিষয়ে সন্দেহ হয়, তবে দুই রাকআত বলে ধরবে এবং এই কারণে সালামের পূর্বে দুই সিজদা (সাহু) করবে। আমাদের ইমামগণ এই হাদীস অনুসারে আমল করে থাকেন। আলিমগণের কেউ কেউ বলেনঃ কারো যদি সালাতে সন্দেহ হয় এবং সে কত রাকআত আদায় করেছে তা বুঝতে না পারে, তবে তাকে সালাত পুনরায় আদায় করতে হবে।

English

Iyad bin Hilal said:

"I said to Abu Sa'eed: 'One of us performs Salat and we do not know how (much) we prayed.' So he said: 'Allah's Messenger (S) said: "When one of you performs Salat and he does now know how (much) he prayed then let him perform two prostrations while he is sitting."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন